গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক-২ শাখা
www.fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.০০০.৩১২.১৩.০০০১.২১.৫১৬

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সোনালী ব্যাংক পিএলসি'র জেনারেল ম্যানেজার জনাব খোকন চন্দ্র বিশ্বাস (জি-৩৩৯৯৬) এর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে 'সরকারী চাকুরি আইন-২০১৮' এর ৪৩(১) ধারা মোতাবেক তাকে ২৯/১০/২০২৬ খ্রি. হতে চাকুরি হতে অবসর এবং উক্ত আইনের ৪৭ ধারা মোতাবেক তার অনুকূলে ৩০/১০/২০২৬ খ্রি. হতে ২৯/১০/২০২৭ খ্রি. পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

২। 'সরকারি চাকরি আইন ২০১৮' এবং 'রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ, পদোন্নতি ও পদায়ন নীতিমালা-২০২৬' অনুযায়ী তিনি ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্ডসহ অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। বিধান অনুযায়ী জনাব খোকন চন্দ্র বিশ্বাস এর আবেদনের প্রেক্ষিতে অবসর সংক্রান্ত যাবতীয় সুবিধাদি সোনালী ব্যাংক পিএলসি হতে প্রদেয় হবে।

তবে শর্ত থাকে যে, জনাব খোকন চন্দ্র বিশ্বাস এর নামে সরকারি বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ২০১১-২০১৮ সালের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী অতিরিক্ত হারে ইনসেনটিভ প্রদান বাবদ ৩০,৪২০ টাকা, অতিরিক্ত দৈনিক ভাতা বাবদ ১,১৪,৭৪৫ টাকা এবং লাঞ্চ ভাতা বাবদ ৭৭,০০০ টাকাসহ সর্বমোট ২,২২,১৬৫ (দুই লক্ষ বাইশ হাজার একশত পঁয়ষট্টি) টাকার অডিট আপত্তি রয়েছে। এছাড়াও গৃহ নির্মাণ অগ্রিম বাবদ ১,৩৯,৩০,৬৮৩ টাকা এবং এক্সিকিউটিভ কার লোন বাবদ ১৭,২৯,৮৩০ টাকার স্থিতি রয়েছে। সরকারী কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর ৪.১০ (খ) নং ধারা মোতাবেক অডিট আপত্তি এবং অন্যান্য অগ্রীমসমূহ তাঁর অবসরকালীন আর্থিক সুবিধা হতে আদায় অথবা আনুতোষিক হতে কর্তনপূর্বক সমন্বয় সাপেক্ষে নিষ্পত্তি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০২-১১-২০২৬
আফরোজা আক্তার রিবা
উপসচিব
ফোন : ০২৫৫১০০৮৫৮
ফ্যাক্স : ৯৫১৩৫০০
ইমেইল : ds.cbb@fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.০০০.৩১২.১৩.০০০১.২১.৫১৬/১(৭)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক/ সিইও, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। জনাব খোকন চন্দ্র বিশ্বাস (জি-৩৩৯৯৬), জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'র অফিস, সিলেট।

৪। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় (অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৫। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০২-১১-২০২৬
আফরোজা আক্তার রিবা
উপসচিব